



সুবীর কিশোর চৌধুরী
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

উপানুষ্ঠানিক পত্র নং- ৫৬.০১.০০০০.০৭.০২৭.০১২.১৭- ৪৭০

তারিখঃ ২৫/১০/২০১৭ খ্রি:

শ্রী
সুবিধা

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়)” প্রকল্পটি বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে অন্যতম। বাংলাদেশ ও চীন সরকারের যৌথ অর্থায়নে বাস্তবায়নায়ী এ প্রকল্পটিতে ২৬০০ ইউনিয়নে দ্রুতগতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হবে।


০২। প্রকল্পটি বাস্তবায়িত হলে সারাদেশে ইউনিয়ন পর্যন্ত ইন্টারনেট ব্যাকবোন সম্প্রসারিত হবে, ফলশ্রুতিতে ই-সার্ভিসের মাধ্যমে প্রান্তিক জনগণের নিকট সরকারি সেবা পৌঁছানো সম্ভব হবে। সর্বোপরি আইসিটি খাতে আমাদের তরুণ-তরুণীদের দক্ষতা বৃদ্ধি পাবে, কর্মসংস্থান সৃষ্টি হবে এবং দেশে ডিজিটাল ইকোনমির নতুন যুগের সূচনা হবে।

০৩। Nationwide Telecommunication Transmission Network (NTTN) দের মাধ্যমে Horizontal Directional Drilling (HDD) ও Open Cut পদ্ধতিতে ৭৫০০ কি.মি. এবং Aerial পদ্ধতিতে ১২০০০ কি.মি. অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হবে। অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের জন্য ফাইবার এট হোম লিঃ ও সামিট কমিউনিকেশনস লিঃ কে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং প্রতিষ্ঠান দুটি ইতোমধ্যে ক্যাবল স্থাপনের কার্যক্রম শুরু করেছে।

০৪। স্থানীয় সরকার বিভাগ হতে ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের PoP স্থাপনে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স কক্ষ বরাদ্দ এবং অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনে রাস্তা ব্যবহারের অনুমতি প্রদান করা হয়েছে (সংযুক্তি-১)। এছাড়া বিদ্যুৎ বিভাগ হতে আলোচ্য প্রকল্পের ইউনিয়ন পর্যায়ে পয়েন্ট অব শ্রেজেন্স (পিওপি) স্থাপনে বিদ্যুৎ সংযোগবিহীন ইউনিয়ন পরিষদসমূহে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে (সংযুক্তি-২)। আরইবি, পিডিবি, ডেসকো, ওজোপাডিকো ও নওজোপাডিকো এর বৈদ্যুতিক খুটি ব্যবহার করে এরিয়াল পদ্ধতিতে প্রকল্পের আনুমানিক ১২,০০০ কি.মি. অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনে সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে বিদ্যুৎ বিভাগ হতে নির্দেশনা জারী করা হয়েছে (সংযুক্তি-৩)। সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ হতে প্রকল্পের অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন কাজে সড়ক ও জনপথ অধিদপ্তরের মহাসড়কের পার্শ্বস্থ ডুমি ও সেতু ব্যবহারের অনুমতিপত্র প্রদান করা হয়েছে (সংযুক্তি-৪)।

০৫। বর্ণিত প্রেক্ষাপটে, অনুচ্ছেদ-৪ এ বর্ণনা অনুযায়ী যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে ওয়ারহাউজ বরাদ্দ প্রদান, অপটিক্যাল ফাইবার ক্যাবল Laying ও Point of Presence (PoP) স্থাপন কাজে সামিট কমিউনিকেশনস লিঃ কে এবং জেলা পর্যায়ে ইকুইপমেন্ট স্থাপনকাজে CRIG/Huawei Technologies (Bangladesh) Ltd কে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে


(সুবীর কিশোর চৌধুরী)

জেলা প্রশাসক
সিলেট।